যুগান্তর

তারিখ ... 24 APR 2009
পৃষ্ঠা ... ১৮ কলাম ... ৬

# সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল প্রকাশ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০০৮-এর ফলাফল বৃহস্পতিবার প্রকাশিত হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদফতরের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ. শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা গত ৩১ অক্টোবর অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের পর লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রচলিত শিক্ষক নিয়োগ বিধিমালা অনুযায়ী মেধা ও কোটা নীতি অনুসরণ করে চূড়ান্তভাবে নির্বাচন করে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। প্রকাশিত ফলাফল সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যথাশিগগির পাঠানো হবে এবং নির্বাচিত প্রার্থীদের জেলাওয়ারি রোল

ফল : পৃষ্ঠা ১০ : কলাম ৪

## ফল : শিক্ষক নিয়োগ

(১৬ পৃষ্ঠার পর)

নম্বর তালিকা সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে। এছাড়া প্রাথমিক শিক্ষা অধিদফতরের ওয়েবসাইটে (WWW.dpe.gov.bd) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের জেলাওয়ারি রোল নম্বর পাওয়া যাবে। সংবাদ বিজ্ঞপ্তি।